# ইউনিট- ১২

# সাক্ষাৎকার দক্ষতা

অধিবেশন- ১ : সাক্ষাৎকার দক্ষতা চিহ্নিতকরণ ও অনুশীলন-জোড়ায় জোড়ায় ও ছোট দল

অধিবেশন- ২ : সাক্ষাৎকার প্রশ্নোত্তর হবে সূক্ষ্ম বিবেচনা প্রসূত দলীয় আলোচনা এবং দলীয় উদ্দীপনা প্রয়োগে

অধিবেশন- ৩ : সতীর্থদের সাথে দলীয়ভাবে মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয়

ইউনিট- ১২ অধিবেশন- ১

# সাক্ষাৎকার দক্ষতা চিহ্নিতকরণ ও অনুশীলন-জোড়ায় জোড়ায় ও ছোট দলে

## ভূমিকা

কোন বিষয়ে নির্ভরযোগ্য ধারণা লাভের উদ্দেশ্যে সাক্ষাৎকার গ্রহণ করা হয়ে থাকে। সাক্ষাৎকারে মাধ্যমে এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত একটি দলের সাথে অন্য একজনের কথোপকথন হয়ে থাকে। সাক্ষাৎকার একটি কার্যকর শিখন-শিক্ষণ কৌশল। একজন শিক্ষক হিসেবে আপনাকে বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করতে হতে পারে। সেজন্য সাক্ষাৎকারের দক্ষতা অর্জন করা একজন শিক্ষকের জন্য অপরিহার্য। আলোচ্য অধিবেশনে ৪টি পর্বে আমরা সাক্ষাৎকরের ধারণা ও প্রয়োগ কৌশল, সাক্ষাৎকারের দক্ষতা, সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করবো এবং সাক্ষাৎকারের অনুশীলন করবো।

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি–

- সাক্ষাৎকারের ধারণা ও প্রয়োগ কৌশল ব্যাখ্যা করতে পারবেন।
- সাক্ষাৎকারের দক্ষতাগুলো চিহ্নিত করতে পারবেন।
- শিক্ষণ-শিখনের কৌশল হিসেবে সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবেন।
- সাক্ষাৎকার অনুশীলন করতে পারবেন।

## পর্ব- ক: সাক্ষাৎকারের ধারণা, প্রকারভেদ ও তার প্রয়োগ কৌশল

প্রশিক্ষণার্থী বন্ধুরা, সাক্ষাৎকারের সাথে আমরা সবাই কম বেশি পরিচিত। আমাদের সবাইকে অন্তত: একবার জীবনে সাক্ষাৎকারের সম্মুখীন হতে হয়েছে। কোন সময় সাক্ষাৎকার নিতে হয়েছে এবং কোন সময়ে সাক্ষাৎকার দিতে হয়েছে।

প্রিয় প্রশিক্ষণার্থী বন্ধুরা, আপনি আপনার মাথা খাটিয়ে সাক্ষাৎকার কী সে সম্পর্কে নিচের খালি বক্সে লিখুন। এর আগে ডান পাশের বক্সটি কাগজ দিয়ে ঢাকুন এবং লেখা শেষ হলে কাগজটি সরিয়ে আপনার লেখার সাথে মিলিয়ে নিন।

**সাক্ষাৎকার:** কোন বিষয়ে নির্ভরযোগ্য ধরণা লাভের উদ্দেশ্যে সাক্ষাৎকার গ্রহণ করা হয়। নির্ধারিত বা অনির্ধারিত কোন প্রসঙ্গে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক আলাপ-আলোচনা, মত বিনিময়, তথ্য আদান প্রদান করাই মূলত সাক্ষাৎকার। সাক্ষাৎকারের মাধ্যমে এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত একটি দলের সাথে অন্য একজনের কথোপকথন হয়ে থাকে।

আসুন এখন আমরা সাক্ষাৎকারের প্রকারভেদ নিয়ে আলোচনা করি।

উদ্দেশ্যের ভিন্নতা অনুযায়ী সাক্ষাৎকারকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়–

- **নির্বাচনমূলক সাক্ষাৎকার**

বিভিন্ন প্রতিষ্ঠান বা সংস্থায় কর্মী নিয়োগের জন্য যে সাক্ষাৎকার গ্রহণ করা হয়, তাকে নির্বাচনমূলক সাক্ষাৎকার বলে। এই ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে কোন নির্দিষ্ট পেশায় বা কর্মে নিযুক্ত করার জন্য উপযুক্ত প্রার্থী বাছাই করা হয়।

- **নির্ণায়ক ও লক্ষ্য নির্ধারণমূলক সাক্ষাৎকার**

কখনো কখনো ব্যক্তি তার মানসিক বা শারীরিক অসুস্থতার জন্য শিক্ষামূলক বা বৃত্তিমূলক কাজে কাঙ্ক্ষিত ফল লাভ করতে পারে না। এ অবস্থায় ব্যক্তির সমস্যা নির্ণয় করার জন্য এ ধরনের সাক্ষাৎকার গ্রহণ করা হয়ে থাকে।

- **তথ্যজ্ঞাপক সাক্ষাৎকার**

এ ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে ব্যক্তির বিভিন্ন ধরনের পারগতা ও কৃতিত্বসম্পন্ন কাজের পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত তথ্য সরবরাহ ও বিশ্লেষণ করা হয়।

- **প্রাথমিক ও প্রস্তুতিমূলক সাক্ষাৎকার**

ব্যক্তিকে বন্ধুত্বপূর্ণ ও সহানুভূতি আচরণ দ্বারা ভবিষ্যতে আরও ব্যাপক ও জটিল সাক্ষাৎকারের জন্য এ ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে প্রস্তুত থাকতে সহায়তা করা হয়।

- **অনুসন্ধানমূলক সাক্ষাৎকার**

অনেক সময় কোন ব্যক্তি সম্পর্কে নানা ধরনের তথ্য অনুসন্ধান করার প্রয়োজন হয়ে পড়ে। এ ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে ব্যক্তিকে বিভিন্ন রকম অবস্থার মোকাবেলা করা এবং নিজেকে প্রকাশ করার সুযোগ দেওয়া হয়। এ ক্ষেত্রে সাক্ষাৎকার গ্রহণকারী সাক্ষাৎকার প্রদানকারীর প্রতি বিশেষ মনোযোগ না দিয়ে তার তথ্য ও ঘটনার প্রতি মনোযোগ দিয়ে থাকেন।

- **শৃঙ্খলামূলক সাক্ষাৎকার**

এ ধরনের সাক্ষাৎকারের মাধ্যমে কোন সংস্থা বা দপ্তর বা প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী তার অধীনস্থ কর্মীদের অনিয়মতান্ত্রিকতা ও বিশৃঙ্খলার কারণ অনুসন্ধান করে তাদের নিয়ন্ত্রণ করার চেষ্টা করেন।

- **পরামর্শমূলক সাক্ষাৎকার**

অনেক সময় ব্যক্তির মূল সমস্যা চিহ্নিত করে সমস্যা সমাধানের জন্য পরামর্শ দেওয়া হয়।

## কাজ- ১

প্রশিক্ষণার্থী বন্ধু, সাক্ষাৎকারের প্রকারভেদগুলোর একটি চার্ট তৈরি করুন। ''অনুশীলনী পাঠদান'' মূল্যায়ন পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাবেন।

সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে সফলভাবে তথ্য সংগ্রহ করার জন্য সাক্ষাৎকার গ্রহণকারীকে কিছু কৌশল অবলম্বন করতে হয়। কৌশলগুলো নিম্নে তুলে ধরা হলো–

- পর্যবেক্ষণ কৌশল
- শ্রবণ কৌশল
- কথা বলার পূর্বে শ্রবণ কৌশল
- প্রশ্ন করার কৌশল
- কথা বলার কৌশল
- ব্যক্তিগত প্রশ্নের উত্তর কৌশল
- ব্যাখ্যাদান কৌশল।

## কাজ- ২

প্রশিক্ষণার্থী বন্ধু, মনে করুন আপনি একজন শিক্ষার্থীর সাক্ষাৎকার গ্রহণ করছেন। এ ক্ষেত্রে আপনি উপরে উল্লিখিত কৌশলগুলোর মাধ্যমে সাক্ষাৎকার পর্বটি কীভাবে পরিচালনা করবেন এ সম্পর্কে ১০টি বাক্য আপনার খাতায় লিখুন।

## পর্ব- খ: সাক্ষাৎকারের দক্ষতাগুলো চিহ্নিতকরণ

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ, শিখন-শিক্ষণের ক্ষেত্রে সাক্ষাৎকার পদ্ধতি সঠিকভাবে প্রয়োগ করা বেশ জটিল। এই পদ্ধতির কার্যকারিতা সাক্ষাৎকার গ্রহণকারীর দক্ষতার উত্তর নির্ভর করে। সাক্ষাৎকার গ্রহণের আগেই সাক্ষাৎকার গ্রহণকারীকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হয়।

## কাজ- ১

আপনার পূর্ব অভিজ্ঞতা থেকে সাক্ষাৎকার গ্রহণকারীর যে সব দক্ষতা থাকা প্রয়োজন বলে মনে করেন সেগুলো আপনার বাড়ির কাজের খাতায় লিখুন।

## পর্ব- গ: শিখন-শিক্ষণের কৌশল হিসেবে সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ, শিখন-শিক্ষণ কৌশল হিসেবে সাক্ষাৎকার অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক সময় কোন ঘটনা বা বিষয়বস্তু সম্পর্কে ব্যক্তিগতভাবে জিজ্ঞাসাবাদের মাধ্যমে তথ্য সংগ্রহ করার প্রয়োজন দেখা দেয়। আর এসব জিজ্ঞাসাবাদ, মত বিনিময় হলো সাক্ষাৎকার। উচ্চ শিক্ষার ক্ষেত্রে পৃথিবীর অনেক দেশের পাশাপাশি বাংলাদেশেও সাক্ষাৎকার প্রয়োগ হয়ে থাকে। এ দৃষ্টিকোন থেকে বলা যায়, সাক্ষাৎকারের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা অত্যন্ত সহজ হয়। কাজেই বিশেষ করে শিখন-শিক্ষণের ক্ষেত্রে সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

## কাজ- ১

প্রশিক্ষণার্থীবৃন্দ, শিক্ষণ-শিখনের কৌশল হিসেবে সাক্ষাৎকারের ৫টি প্রয়োজনীয়তা নিচের ছকে লিখুন–

| |
|---|
| ১। |
| ২। |
| ৩। |
| ৪। |
| ৫। |

## কাজ- ২

প্রশিক্ষণার্থীবৃন্দ, আপনার দৃষ্টিতে সাক্ষাৎকারের সুবিধা ও অসুবিধাগুলো সনাক্ত করে আপনার ডায়েরীতে লিখুন।

## পর্ব- ঘঃ সাক্ষাৎকার অনুশীলনকরণ

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ, টিউটোরিয়াল ক্লাসে আপনার সহপাঠীদের ৪/৫ জনকে নিয়ে একটি দল গঠন করুন। শ্রেণীর ৪/৫ জন সহপাঠীদের শিক্ষা ও কর্মজীবন জানার জন্য ৫টি প্রশ্ন তৈরি করুন। এবার ৪/৫ জন সহপাঠীকে দৈব-চয়নের ভিত্তিতে নির্বাচিত করে সাক্ষাৎকার গ্রহণ করুন। সাক্ষাৎকার গ্রহণ শেষ হলে সাক্ষাৎকার অনুষ্ঠানের ত্রুটি-বিচ্যুতিগুলো চিহ্নিত করে আপনার শ্রেণীর খাতায় লিখুন এবং এ ব্যপারে আপনার টিউটরের পরামর্শ নিন।

# মূল শিখনীয় বিষয়

## ◊ সাক্ষাৎকার

কোন মৌলিক বিষয়ে বিজ্ঞানসম্মত ও নির্ভরযোগ্য ধারণা লাভের উদ্দেশ্যেই সাক্ষাৎকার গ্রহণ করা হয়। বই-পুস্তক ও তথ্যবিবরণীতে প্রাপ্ত তথ্যের সত্যতা যাচাই করার উদ্দেশ্যে ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মতামত সাক্ষাৎকারের মাধ্যমে গ্রহণ করা হয়। যে কোন বিষয়ের আওতায় কোন তথ্য বা তত্ত্ব যাচাই করতে হলে সাক্ষাৎকার গ্রহণ করতে হয়। সুতরাং বলা যায় যে, কোন বিষয়ে নির্ভরযোগ্য ধারণা লাভের উদ্দেশ্যে সাক্ষাৎকার গ্রহণ করা হয়ে থাকে। সাধারণভাবে সাক্ষাৎকার বলতে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে অনুষ্ঠিত কথোপকথনকে বোঝায়। নির্ধারিত বা অনির্ধারিত কোন প্রসঙ্গে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক আলাপ, আলোচনা, মত বিনিময়, তথ্য আদান প্রদান করাই মূলত সাক্ষাৎকার। An interview is a conversation between two or more people (The interviewer and the interviewee) where questions are asked by the interviewer to obtain information from the interviewee. Interviews can be divided into two rough types, interviews of assessment and interviews for information.
(www.en.wikipedia.org/wike/Interview).

সাক্ষাৎকার প্রসঙ্গে বলা যায় যে, ব্যক্তির সাথে সামনাসামনি মিলিত হয়ে কোন ঘটনা, বিষয়বস্তু বা সমস্যা সম্পর্কে ঐ ব্যক্তির নিকট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করার পদ্ধতিকেই সাক্ষাৎকার বলে। সাক্ষাৎকারের মাধ্যমে এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত একটি দলের সাথে অন্য দলের কথোপকথন হয়ে থাকে।

## ◊ সাক্ষাৎকার গ্রহণকারীর দক্ষতা

শিখন-শিক্ষণের ক্ষেত্রে সাক্ষাৎকার পদ্ধতি প্রয়োগ করা বেশ জটিল। তবে এই পদ্ধতি কার্যকরভাবে প্রয়োগ করতে হলে সাক্ষাৎকার গ্রহণকারীকে দক্ষ হতে হবে। সাক্ষাৎকার গ্রহণকারীকে সাক্ষাৎকার গ্রহণের আগেই প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হয়। সাক্ষাৎকার গ্রহণকারীকে যে সব দক্ষতার অধিকারী হতে হবে তা নিম্নরূপ—

- সাক্ষাৎকার গ্রহণকারীর সাক্ষাৎকার গ্রহণের উদ্দেশ্য সম্পর্কে পরিপূর্ণ ধারণা থাকতে হবে।
- যে বিষয়ে বা প্রসঙ্গে সাক্ষাৎকার গ্রহণ করা হবে তা পরিষ্কারভাবে নির্ধারণ করতে হবে।
- সাক্ষাৎকার প্রদানকারী সম্পর্কে সম্ভাব্য প্রাসঙ্গিক তথ্যাদি আগেই সংগ্রহ করতে হবে।
- সাক্ষাৎকারে ব্যবহৃত প্রশ্নাবলি স্পষ্ট ও সুনির্দিষ্ট হতে হবে।
- সাক্ষাৎকার গ্রহণকালে সাক্ষাৎকার প্রদানকারীর ধর্মীয় বিশ্বাস ও ধারণাকে আঘাত করে এমন কোন প্রশ্ন করা উচিত হবে না।
- সাক্ষাৎকার গ্রহণকারীকে মনোবিজ্ঞানসম্মত জ্ঞানের অধিকারী হতে হবে।

- সাক্ষাৎকার প্রদানকারীকে পুনরাবৃত্তি ও অনুধাবনের সুযোগ প্রদানের জন্য মাঝে মাঝে অল্প সময়ের জন্য আলোচনা স্থগিত রাখতে হবে।
- সাক্ষাৎকার প্রদানকারীকে উৎসাহ দেওয়ার জন্য সাক্ষাৎকারে প্রাপ্ত তথ্যের গোপনীয়তা বজায় রাখার নিশ্চয়তা প্রদান করতে হবে।
- আলোচনা প্রসঙ্গ নির্দিষ্ট বিষয়ের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- সাক্ষাৎকার গ্রহণ শেষ হলে সাক্ষাৎকার প্রদানকারীকে ধন্যবাদ দিতে হবে।

## ◊ সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা

অনেক সময় কোন ঘটনা বা বিষয়বস্তু সম্পর্কে ব্যক্তিগতভাবে জিজ্ঞাসাবাদের মাধ্যমে তথ্য সংগ্রহ করার প্রয়োজন দেখা দেয়। আর এসব জিজ্ঞাসাবাদ, মত বিনিময় হলো সাক্ষাৎকার। শিখন-শেখানো কৌশলে সাক্ষাৎকার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উচ্চ শিক্ষার ক্ষেত্রে পৃথিবীর অনেক দেশের মত বাংলাদেশেও সাক্ষাৎকার প্রয়োগ হয়ে আসছে। এ দৃষ্টিকোণ থেকে বলা যায়, সাক্ষাৎকারের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা অত্যন্ত সহজ হয়। কাজেই শিখন-শিক্ষণের ক্ষেত্রে সাক্ষাৎকার অত্যন্ত প্রয়োজনীয়।

সাক্ষাৎকারের মাধ্যমে ব্যক্তির অন্তর্দৃষ্টি সৃষ্টি হতে পারে। একবার এই অন্তর্দৃষ্টি সৃষ্টি হয়ে গেলে ব্যক্তি নিজেই নিজেকে ও তার সমস্যাকে বুঝতে পারে। ফলে সমস্যা সমাধানের পথ সহজ ও নিয়ন্ত্রণাধীন হয়ে ওঠে। কাজেই শিক্ষার্থীর শিখনের সমস্যা সনাক্ত করে সেগুলো নিরসন করার কাজে সাক্ষাৎকার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

## সম্ভাব্য উত্তর

### পর্ব- ক

**কাজ- ১**
নিজে করুন।
**কাজ- ২**
নিজে করুন।

### পর্ব- খ

**কাজ- ১**
মূল শিখনীয় বিষয় দেখুন।

### পর্ব- গ

**কাজ- ১**
নিজে করুন।

## কাজ- ২

### সাক্ষাৎকারের সুবিধা

- সাক্ষাৎকার ব্যক্তির সাথে সামনাসামনি করা যায় এবং এটি তথ্য সংগ্রহের জন্য সরাসরি পদ্ধতি।
- সাক্ষাৎকারের মাধ্যমে প্রাপ্ত তথ্যের গ্রহণযোগ্যতা অনেক বেশি হয়ে থাকে।
- সমস্যাগ্রস্ত ব্যক্তি এ পদ্ধতিতে নিজের বক্তব্য খোলাখুলিভাবে প্রকাশ করতে পারে।
- সাক্ষাৎকার গ্রহণের জন্য তেমনি কোন বিশেষ আয়োজনের প্রয়োজন হয় না।
- সাক্ষাৎকার গ্রহণে সময়, শ্রম ও অর্থ কম লাগে।
- সাক্ষাৎকারের মাধ্যমে ব্যক্তির অস্বাভাবিকতা সহজেই চিহ্নিত করা যায়।

### সাক্ষাৎকারের অসুবিধা

- সাক্ষাৎকার ব্যক্তি নির্ভর। সে জন্য এর ফলাফল বা তথ্যের গ্রহণযোগ্যতা ব্যক্তির উত্তর দেওয়ার উপর নির্ভর করে।
- সাক্ষাৎকার গ্রহণকারীর ব্যক্তিগত প্রভাব, চিন্তা-ভাবনা, পছন্দ-অপছন্দ, ধারণা ইত্যাদির কারণে অনেক সময় সাক্ষাৎকার নির্ভরযোগ্য হয় না।
- সাক্ষাৎকার প্রদানকারীর কোন অস্পষ্ট উত্তরের ভুল ব্যাখ্যা করার সুযোগ থাকে।
- একই পরীক্ষকের মূল্যায়নে বিভিন্ন সময় ও পরিস্থিতিতে বিভিন্ন ফলাফল হয়।
- সাক্ষাৎকারের মাধ্যমে অনেক সময় ব্যক্তির কপট আচরণের কারণে সঠিক তথ্য পাওয়া যায় না।

## পর্ব- ঘ

## কাজ- ১

নিজে করুন।

## মূল্যায়ন

১. সাক্ষাৎকার কী? সাক্ষাৎকারের প্রকারভেদগুলোর বিস্ত্মারিত বিবরণ দিন।
২. সাক্ষাৎকারের দক্ষতাগুলো চিহ্নিত করুন।
৩. সাক্ষাৎকার একটি কার্যকর শিক্ষণ-শিখন কৌশল– ব্যাখ্যা করুন।
৪. একজন শিক্ষক হিসেবে সাক্ষাৎকারের সুবিধা ও অসুবিধাগুলো সনাক্ত করুন।
৫. একজন শিক্ষক হিসেবে সাক্ষাৎকার গ্রহণ করতে আপনি কী কী কৌশল প্রয়োগ করবেন?

ইউনিট- ১২ অধিবেশন- ২

# সাক্ষাৎকার প্রশ্নোত্তর হবে সূক্ষ্ম বিবেচনা প্রসূত দলীয় আলোচনা এবং দলীয় উদ্দীপনা প্রয়োগে


## ভূমিকা

সাক্ষাৎকার তথ্য সংগ্রহ করার একটি গুরুত্বপূর্ণ পদ্ধতি। কোন ব্যক্তির সাথে সামনা সামনি দেখা করে তার অভ্যন্তরীণ প্রকৃতি সম্পর্কে তার কাছ থেকে জেনে নেওয়া বা কোন বিষয়বস্তু বা কোন সমস্যা সম্পর্কে তার মতামত নেওয়াকে সাক্ষাৎকার বলে। অধিবেশন- ১ এ আপনারা সাক্ষাৎকার সম্পর্কে ধারণা পেয়েছেন এবং সাক্ষাৎকার অনুশীলন করেছেন। সাক্ষাৎকারের একটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে প্রশ্নোত্তর। সাক্ষাৎকারের প্রশ্নোত্তর যদি সঠিকভাবে পরিচালিত না হয় তাহলে সাক্ষাৎকারের উদ্দেশ্য ব্যর্থ হবে। তাই আলোচ্য অধিবেশনে ৩টি পর্বে ফলাবর্তনের মাধ্যমে সাক্ষাৎকার দক্ষতা উন্নয়ন প্রক্রিয়া, সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ের পারদর্শিতা অর্জনের উপায় এবং সাক্ষাৎকারের প্রশ্নোত্তর ও দক্ষতা অর্জনের কৌশলগুলো সম্পর্কে আলোচনা করা হবে।

## উদ্দেশ্য


এই পাঠ শেষে আপনি–

- ফলাবর্তনের মাধ্যমে সাক্ষাৎকার দক্ষতা উন্নয়ন প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ের পারদর্শিতা অর্জনের উপায় ব্যাখ্যা করতে পারবেন।
- সাক্ষাৎকারের প্রশ্নোত্তর ও দক্ষতা অর্জনের কৌশল বর্ণনা করতে পারবেন।



## পর্ব- ক: ফলাবর্তনের মাধ্যমে সাক্ষাৎকার দক্ষতা উন্নয়ন প্রক্রিয়ার বর্ণনা

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ, আগের অধিবেশনে আপনারা সাক্ষাৎকার দক্ষতা সম্পর্কে জেনেছেন। পূর্ববর্তী অধিবেশন সম্পর্কে আপনার ফিডব্যাক আপনার ডায়েরিতে লিখুন।



প্রশিক্ষণার্থী বন্ধুরা, সাক্ষাৎকার একটি জটিল প্রক্রিয়া। শুধু কথোপকথনের মাধ্যমে অন্য ব্যক্তির কাছ থেকে কোন ঘটনা, বিষয়বস্তু বা সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ করা অত্যন্ত কঠিন কাজ। কারণ মানুষ আচরণগতভাবে অন্যের কাছে কোন তথ্য বা বক্তব্য প্রকাশ করতে চায় না। এ কারণে সাক্ষাৎকার গ্রহণকারীকে অন্যের নিকট থেকে মতামত বা তথ্য জানার জন্য অত্যন্ড় দক্ষ হওয়া উচিত। কীভাবে সাক্ষাৎকার গ্রহণ করতে হয়, কীভাবে সাক্ষাৎকারে প্রশ্ন প্রয়োগ করতে হয় এসব বিষয়ে সাক্ষাৎকার গ্রহণকারীকে দক্ষ হতে হয়।

## কাজ- ১

প্রশিক্ষণার্থী বন্ধুরা, আপনার দৃষ্টিতে সাক্ষাৎকারের দক্ষতা উন্নয়নের কয়েকটি উপায় নিচের খালি অংশে লিখুন।

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

. . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

## পর্ব- খঃ সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ের পারদর্শিতা অর্জনের উপায়

প্রশিক্ষণার্থীবৃন্দ, সাক্ষাৎকার গ্রহণের কৌশল সম্পর্কে সাক্ষাৎকার গ্রহণের আগেই পরিকল্পনা গ্রহণ করতে হবে। কী বিষয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে, কোথায় ও কখন সাক্ষাৎকার গ্রহণ করা হবে তা-ও পূর্ব পরিকল্পনার অন্তর্ভুক্ত করতে হবে।

## কাজ- ১

প্রিয় প্রশিক্ষণার্থী বন্ধুরা, সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ে পারদর্শিতা অর্জনের জন্য কয়েকটি উপায় সনাক্ত করুন এবং এ সম্পর্কে আপনার শ্রেণীর খাতায় লিখুন।

## পর্ব- গঃ সাক্ষাৎকারের প্রশ্নোত্তর ও দক্ষতা অর্জনের কৌশলের বর্ণনা

প্রশিক্ষণার্থীবৃন্দ, আপনি যখন সাক্ষাৎকার গ্রহণ করবেন তখন আপনাকে সাক্ষাৎকারের উদ্দেশ্যের প্রতি নজর রেখে প্রশ্ন করতে হবে। সঠিক ও উপযুক্ত প্রশ্নের উপর আপনার সাক্ষাৎকারের সফলতা নির্ভর করছে। সাক্ষাৎকার অনুষ্ঠানটিকে সার্থক ও সফল করার জন্য আপনাকে নিচের বিষয়গুলো মনে রাখতে হবে–

- সাক্ষাৎকার গ্রহণের জন্য যথেষ্ট সময় নেওয়া হয়েছিল কি না।
- সাক্ষাৎকার প্রদানের জন্য সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তির আগ্রহ আছে কি না।
- সাক্ষাৎকারের সময় কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছিল কি না।
- সাক্ষাৎকার গ্রহণকালে কী কী সমস্যার সৃষ্টি হতে পারে তা সতর্কতার সাথে বিবেচনা করা হয়েছে কি না।
- সাক্ষাৎকার প্রদানকারীকে সাক্ষাৎকারে প্রাপ্ত তথ্যাদির প্রয়োজনীয় ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করার নিশ্চয়তা প্রদান করার বিষয়টি বিবেচনা করা হয়েছে কি না।
- সাক্ষাৎকারের সময় নিরপেক্ষতা বজায় রাখা হয়েছিল কি না।
- বিষয়টির অন্তর্দৃষ্টি জাগরণে অনুকূল পরিবেশ সৃষ্টি করা হয়েছিল কি না।

## কাজ- ১

প্রিয় প্রশিক্ষণার্থী বন্ধুরা, বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারিত শিক্ষা সম্পর্কিত সাক্ষাৎকারগুলো দেখুন এবং টিউটোরিয়াল ক্লাসে সেগুলোর অনুকরণে সাক্ষাৎকার অনুশীলন করুন।

## কাজ- ২

''মাধ্যমিক পরীক্ষায় অধিকাংশ শিক্ষার্থীর ইংরেজিতে ফেল করার কারণ অনুসন্ধান''– এই শিরোনামের একটি গবেষণা কাজ পরিচালনা করার জন্য সাক্ষাৎকার গ্রহণের উপযোগি একটি প্রশ্নপত্র তৈরি করুন। পরবর্তী টিউটোরিয়াল ক্লাসে টিউটরের পরামর্শ নিয়ে উপরোক্ত প্রশ্নপত্রের ভিত্তিতে একটি সাক্ষাৎকার অনুষ্ঠান পরিচালনা করুন।

# মূল শিখনীয় বিষয়

## সাক্ষাৎকার দক্ষতা উন্নয়ন প্রক্রিয়া

সাক্ষাৎকার একটি জটিল প্রক্রিয়া। শুধু কথোপকথনের মাধ্যমে অন্য ব্যক্তির নিকট থেকে কোন ঘটনা বা বিষয়বস্তু বা সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ করা অত্যন্ত কঠিন কাজ। কারণ মানুষ সাধারণত অন্য ব্যক্তির কাছে কোন তথ্য বা বক্তব্য প্রকাশ করতে চায় না। এ কারণে সাক্ষাৎকার গ্রহণকারীকে অন্যের নিকট থেকে কোন তথ্য বা মতামত জানার জন্য অত্যন্ত দক্ষ হতে হয়। কীভাবে সাক্ষাৎকার গ্রহণ করতে হয়, কীভাবে সাক্ষাৎকারে প্রশ্ন প্রয়োগ করতে হয় এসব ব্যাপারে সাক্ষাৎকার গ্রহণকারীকে দক্ষতা অর্জন করতে হয়।

সাক্ষাৎকারে সফলতা অর্জনের জন্য সাক্ষাৎকারীকে দক্ষ ও কুশলী হতে হবে। এ জন্য সাক্ষাৎকারে দক্ষতা অর্জন ও এর উন্নয়ন ঘটানো অপরিহার্য। সাক্ষাৎকারে দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন সাক্ষাৎকার পর্যবেক্ষণ করা যেতে পারে। বলা যায় সাক্ষাৎকারের গুরুত্বপূর্ণ কৌশলগুলোর মধ্যে পর্যবেক্ষণ অন্যতম। সাক্ষাৎকারে দক্ষতা অর্জনের জন্য নিম্নলিখিত উপায় অনুসরণ করা যেতে পারে—

- আদর্শ সাক্ষাৎকার অনুষ্ঠান পর্যবেক্ষণ করা।
- বিভিন্ন পত্র-পত্রিকা, ইলেকট্রনিক মিডিয়া ও প্রচার মাধ্যমে প্রচারিত সাক্ষাৎকার পর্যবেক্ষণ করে সাক্ষাৎকারে প্রয়োগকৃত প্রশ্ন ও অন্যান্য কৌশল বিশ্লেষণ করা।
- ফলাবর্তনের মাধ্যমে দক্ষতার উন্নয়ন ঘটানো।

## সাক্ষাৎকারের প্রস্তুতি

একটি উপযুক্ত সাক্ষাৎকার অনুষ্ঠান করতে গেলে উপযুক্ত পরিবেশ প্রয়োজন। এ জন্য সাক্ষাৎকার গ্রহণের আগে এ ব্যাপারে পূর্ব প্রস্তুতি গ্রহণ করা উচিত। সাক্ষাৎকারের জন্য অনুকূল পরিবেশ তৈরি করার জন্য নিম্নেবর্ণিত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে—

- সাক্ষাৎকার প্রদানকারীকে সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা ও উদ্দেশ্য উপলব্ধির সুযোগ দিতে হবে।
- সাক্ষাৎকার অনুষ্ঠানের জন্য নির্জন স্থান বেছে নিতে হবে।
- সাক্ষাৎকার প্রদানকারী সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করার পর সাক্ষাৎকার গ্রহণ করতে হবে।
- সাক্ষাৎকারে প্রয়োগ করার জন্য আগেই প্রশ্নমালা তৈরি করতে হবে।
- সাক্ষাৎকার গ্রহণকারীকে সহযোগিতামূলক মনোভাব এবং ধৈর্য্যশীল হতে হবে।

## সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ে পারদর্শিতা অর্জনের উপায়

কী কী কৌশল অবলম্বন করে সাক্ষাৎকার গ্রহণ করা হবে সে বিষয়ে আগেই একটি পরিকল্পনা গ্রহণ করতে হবে। পূর্ব পরিকল্পনায় কী বিষয়ে, কোথায় ও কখন সাক্ষাৎকার গ্রহণ তাও অন্ড়র্ভুক্ত থাকবে। সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ে পারদর্শিতা অর্জনের জন্য নিম্নোক্ত উপায়গুলো অনুসরণ করা যায়–

- কী প্রসঙ্গে সাক্ষাৎকার অনুষ্ঠান হতে তা আগেই ঠিক করে নেওয়া।
- সাক্ষাৎকার গ্রহণের উদ্দেশ্য নির্ধারণ করা।
- সাক্ষাৎকার প্রদানকারীর ব্যক্তিত্ব, পেশা, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা।
- সাক্ষাৎকার গ্রহণ বা প্রদানের জন্য একটি পূর্ব পরিকল্পনা গ্রহণ করা।
- সাক্ষাৎকারে যে প্রশ্ন করা হতে পারে তার একটি ছক আগেই তৈরি করা।
- সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তির কোন দিকটি জানার জন্য সাক্ষাৎকার গ্রহণ করা হবে তা ঠিক করে নেওয়া।
- সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তি বিরক্ত হবে এমন কোন প্রশ্ন না করা।
- সাক্ষাৎকারে ব্যবহারযোগ্য প্রশ্ন/প্রশ্নমালা নির্ভুল, সুস্পষ্ট, বোধগম্য ও সরাসরি হওয়া উচিত।
- প্রয়োজনীয় ক্ষেত্রে সাক্ষাৎকারে প্রাপ্ত তথ্যাদির গোপনীয়তা রক্ষা করা।
- সাক্ষাৎকার গ্রহণ শেষ হলে সাক্ষাৎকার প্রদানকারীকে ধন্যবাদ দেওয়া।

## সাক্ষাৎকারের প্রশ্নোত্তর ও দক্ষতা অর্জনের কৌশল

সাক্ষাৎকার গ্রহণের সময় সাক্ষাৎকার গ্রহণকারীকে সাক্ষাৎকারের উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে প্রশ্ন করতে হবে। সাক্ষাৎকারের সফলতা অনেকাংশে সঠিক ও উপযুক্ত প্রশ্নের উপর নির্ভরশীল। সাক্ষাৎকার অনুষ্ঠানটিকে কার্যকর ও সফল করার জন্য নিচের বিষয়গুলো বিবেচনায় আনতে হবে–

- সাক্ষাৎকার গ্রহণের জন্য যথেষ্ট সময় নেওয়া হয়েছিল কি না।
- সাক্ষাৎকার প্রদানের জন্য সাক্ষাৎকার প্রদানকারী ব্যক্তির আগ্রহ আছে কি না।
- সাক্ষাৎকারের সময় কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছিল কি না।
- সাক্ষাৎকার গ্রহণকালে কী কী সমস্যার সৃষ্টি হতে পারে তা সতর্কতার সাথে বিবেচনা করা হয়েছে কি না।
- সাক্ষাৎকার প্রদানকারীকে সাক্ষাৎকারে প্রাপ্ত তথ্যাদির প্রয়োজনীয় ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করার নিশ্চয়তা প্রদান করার বিষয়টি বিবেচনা করা হয়েছে কি না।

- সাক্ষাৎকারের সময় নিরপেক্ষতা বজায় রাখা হয়েছিল কি না।
- বিষয়টির অন্তর্দৃষ্টি জাগরণে অনুকূল পরিবেশ সৃষ্টি করা হয়েছিল কি না।

## সম্ভাব্য উত্তর

### পর্ব - ক

**কাজ- ১**

নিজে করুন।

### পর্ব- খ

**কাজ- ১**

- সাক্ষাৎকার প্রদানকারী সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করার পর সাক্ষাৎকার গ্রহণ করতে হবে।
- সাক্ষাৎকারে প্রয়োগ করার জন্য আগেই প্রশ্নমালা তৈরি করতে হবে।
- সাক্ষাৎকার প্রদানকারীকে সাক্ষাৎকারের প্রয়োজনীয়তা ও উদ্দেশ্য উপলব্ধির সুযোগ দিতে হবে।
- সাক্ষাৎকার অনুষ্ঠানের জন্য নির্জন স্থান বেছে নিতে হবে।
- সাক্ষাৎকার গ্রহণকারীকে সহযোগিতামূলক মনোভাব প্রদর্শন করতে হবে এবং ধৈর্য্যশীল হতে হবে।

### পর্ব- গ

**কাজ- ১**

নিজে করুন।

**কাজ- ২**

ইঙ্গিত:

১. গ্রাম ও শহরের মধ্যে চাকুরীরত ইংরেজি শিক্ষকের উচ্চারণগত পার্থক্য, বহি:জ্ঞানের সীমা, ইংরেজি ভাষায় কথা বলার সাবলীলতা ইত্যাদি বিষয়ে দুর্বলতার কারণে শিক্ষকের পঠন-পাঠন পরিচালনা কাজ দুর্বল হয়।

২. গ্রামের নিরক্ষর অভিভাবক পরিবরের শিক্ষার্থীবৃন্দ পরিবারের সদস্যেও কোন সাহায্য পায়না।

৩. দৈনিক পত্রিকা পাঠপূর্বক, রেডিও, টেলিভিশন প্রচারিত ইংরেজি অনুষ্ঠান ও সংবাদ শোনার মাধ্যমে শ্রুতি ও শুদ্ধ উচ্চারণ দক্ষতা অর্জনের প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করা হয়না, ইত্যাদি।

## মূল্যায়ন

১. সাক্ষাৎকার কাকে বলে? সাক্ষাৎকার দক্ষতার কীভাবে উন্নয়ন ঘটানো যায়?

২. সাক্ষাৎকারের কৌশলগত বিষয়ের পারদর্শিতা অর্জনের উপায়গুলো বর্ণনা করুন।

৩. সাক্ষাৎকারের প্রশ্নোত্তর ও দক্ষতা অর্জনের কৌশলগুলো আলেচনা করুন।

৪. সাক্ষাৎকার গ্রহণের জন্য কী কী প্রস্তুতি গ্রহণ করতে হয়?

৫. সাক্ষাৎকারের সফলতা সাক্ষাৎকার গ্রহণকারীর দক্ষতার উপর নির্ভরশীল– ব্যাখ্যা করুন।

৬. সাক্ষাৎকার গ্রহণের উপযোগী একটি প্রশ্নমালা তৈরি করুন।

# সতীর্থদের সাথে দলীয়ভাবে মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয়

## ভূমিকা


আনুষ্ঠানিক শিক্ষণ-শিখন কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো মৌখিক পরীক্ষা। মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর উপস্থিত বুদ্ধি, বাচন ভঙ্গি, উচ্চারণ, সংক্ষেপে উত্তরদানের দক্ষতা ইত্যাদি যাচাই করা সম্ভব হয়। আগের দুটি অধিবেশনে সাক্ষাৎকার দক্ষতা, সাক্ষাৎকার দক্ষতা অর্জনের কৌশল, সাক্ষাৎকারের প্রশ্নোত্তর কৌশল সম্পর্কে জেনেছেন। মৌখিক পরীক্ষা ও সাক্ষৎকার আপাত দৃষ্টিতে একই রকম মনে হলেও দুটি কৌশলই আলাদা বৈশিষ্ট্যমন্ডি। এই অধিবেশন থেকে আপনি মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকারের পার্থক্য নির্ণয় করতে পারবেন। আলোচ্য অধিবেশনের চারটি পর্বে আপনি মৌখিক পরীক্ষার প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতা উন্নয়নের দিকগুলো, মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকারের মধ্যে পার্থক্য মৌখিক পরীক্ষা গ্রহণ ও প্রদানের দক্ষতাগুলো এবং মৌখিক পরীক্ষার সুবিধা ও অসুবিধাগুলো সম্পর্কে আলোচনা করা হবে।

## উদ্দেশ্য

এই অধিবেশন শেষে আপনি–

- মৌখিক পরীক্ষার প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতা উন্নয়নের দিকগুলো সনাক্ত করতে পারবেন।
- মৌখিক পরীক্ষা গ্রহণ ও প্রদানের দক্ষতাগুলো বর্ণনা করতে পারবেন।
- মৌখিক পরীক্ষা গ্রহণ ও প্রদানের দক্ষতাগুলো বর্ণনা করতে পারবেন।
- মৌখিক পরীক্ষার সুবিধা ও অসুবিধাগুলো চিহ্নিত করতে পারবেন।

## পর্বসমূহ



### পর্ব- ক: প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতা উন্নয়নের দিকগুলো সনাক্তকরণ

প্রিয় শিক্ষার্থী, মৌখিক পরীক্ষা আনুষ্ঠানিক শিক্ষণ-শিখন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা বিষয়বস্তু সম্পর্কে কতটুকু জ্ঞান অর্জন করেছে সে সম্পর্কে ধারণা পাওয়া যায়। মৌখিক পরীক্ষা সাধারণত শিক্ষার্থীদের পাঠ্যসূচির উপর নেয়া হয়ে থাকে। মৌখিক পরীক্ষা প্রদান ও গ্রহণ উভয়ক্ষেত্রে শিক্ষার্থীদের দক্ষতা অর্জন করা প্রয়োজন।

## কাজ- ১

প্রশিক্ষণার্থী বন্ধুরা, টিভিতে একটি সাক্ষাৎকার অনুষ্ঠান পর্যবেক্ষণ করে সাক্ষাৎকারে প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতাগুলোর একটি তালিকা তৈরি করুন।

## পর্ব- খ: মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকারের মধ্যে পার্থক্য নিরূপণ

মৌখিক পরীক্ষা সাধারণত পাঠ্যসূচি নির্ভর হয়ে থাকে। মৌখিক পরীক্ষার মাধ্যমে মৌখিক পরীক্ষা প্রদানকারী ব্যক্তির বিষয়বস্তু সম্পর্কে জ্ঞান যাচাই করার সুযোগ হয়। অন্যদিকে সাক্ষাৎকার পাঠ্যসূচি নির্ভর ও পাঠ্যসূচি বহির্ভূত উভয় ধরনের হতে পারে। সাক্ষাৎকারের মাধ্যমে সাক্ষাৎকার প্রদানকারী সম্পর্কে সামগ্রিক ধারণা লাভের সুযোগ সৃষ্টি হয়। অনেক সময় কোন ঘটনা বা বিষয়বস্তু সম্পর্কে ব্যক্তিগতভাবে জিজ্ঞাসাবাদের মাধ্যমে তথ্য সংগ্রহ করার প্রয়োজন দেখা দেয়। আর এসব জিজ্ঞাসাবাদ ও মত বিনিময় হলো সাক্ষাৎকার।

## কাজ- ১

শিক্ষার্থী বন্ধু, বইটি বন্ধ করে ৫ মিনিট ভাবুন। তারপর মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকারের কয়েকটি পার্থক্য সনাক্ত করে নিচের বক্সে লিখুন।

| মৌখিক পরীক্ষা | সাক্ষাৎকার |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |

## কাজ- ২

**রেখা টেনে বাম পাশে লেখা বাক্যের সাথে ডান পাশে লেখা বাক্যের মিল করুন।**

| | |
|---|---|
| সাক্ষাৎকার | সাধারণত পাঠ্যসূচি নির্ভর। |
| মৌখিক পরীক্ষার মাধ্যমে | পাঠ্যসূচি নির্ভর ও পাঠ্যসূচি বহির্ভূত উভয় ধরনের হতে পারে। |
| মৌখিক পরীক্ষা | ব্যক্তির বিষয়বস্তু সম্পর্কিত জ্ঞান জানার সুযোগ সৃষ্টি হয়। |
| সাক্ষাৎকারের মাধ্যমে | ব্যক্তি সম্পর্কে একটি সামগ্রিক ধারণা অর্জনের সুযোগ সৃষ্টি হয়। |

## পর্ব- গ: মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয় অনুশীলন

প্রিয় প্রশিক্ষণার্থীবৃন্দ, টিউটোরিয়াল ক্লাসে আপনার পাশে বসা সহপাঠীর সাথে মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয় অনুশীলন করুন। পরবর্তীতে ৪ জন মিলে একটি দল গঠন করুন এবং একজন পরীক্ষার্থী ও অন্যরা পরীক্ষকের ভূমিকাভিনয় করুন। ভূমিকাভিনয় শেষ হলে টিউটর ও অন্যদের ফলাবর্তন নিন এবং সে অনুযায়ী অনুশীলন করুন।

## পর্ব- ঘ: মৌখিক পরীক্ষার সুবিধা ও অসুবিধা

প্রিয় প্রশিক্ষণার্থী বন্ধুরা, মৌখিক পরীক্ষা সাধারণত চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে বেশি প্রয়োগ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে এর প্রয়োগ কম। কিন্তু শ্রেণীকক্ষে এর প্রয়োগ বেশি হওয়া উচিত। এর মাধ্যমে শ্রেণীকক্ষে শিক্ষার্থীর পাঠের অগ্রগতি যাচাই করা সম্ভব হয়। বিশেষ করে শ্রেণীকক্ষে শিক্ষার্থীর প্রতি বিশেষ প্রশ্ন করে শিক্ষার্থীর পাঠে মনোযোগ যাচাই করা যায়। মৌখিক পরীক্ষার সুবিধাগুলো নিম্নরূপ–

- মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর বুদ্ধিমত্তা, উচ্চারণ, কণ্ঠস্বর, স্মৃতিশক্তি, ভাষা জ্ঞান এবং শারিরীক ত্রুটি বিচার করা সম্ভব হয়।
- মৌখিক পরীক্ষা দ্বারা শিক্ষার্থীর অর্জিত জ্ঞানের ত্রুটি বিচ্যুতি চিহ্নিত করা যায়।
- শিক্ষার্থী তার অর্জিত জ্ঞানকে কতটুকু সংহত করতে পেরেছে এবং তা যথাযথ প্রয়োগের দক্ষতা অর্জন করতে পেরেছে কি না তা যাচাই করা যায়।
- মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীর ব্যক্তিত্ব সম্পর্কে ধারণা পাওয়া যায়।
- নিচু ক্লাসের শিক্ষার্থীদের লিখিত পরীক্ষার পরিবর্তে মৌখিক পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন করা যায়।

প্রশিক্ষণার্থীবৃন্দ, মৌখিক পরীক্ষার সুবিধার পাশাপাশি কিছু অসুবিধাও আছে। অসুবিধাগুলো হলো–

- মৌখিক পরীক্ষায় পক্ষপাতিত্বের সুযোগ বেশি থাকে।
- মৌখিক পরীক্ষা দ্বারা শিক্ষার্থীকে পরিপূর্ণভাবে পরিমাপ করা যায় না।
- মৌখিক পরীক্ষায় সময়ের অপচয় হয়।
- মৌখিক পরীক্ষায় একজন মেধাবী শিক্ষার্থীও নার্ভাস হয়ে যেতে পারে।
- মৌখিক পরীক্ষায় প্রশ্নের কাঠিন্যের মাত্রা চিহ্নিত করা যায় না।

## কাজ- ১

শিক্ষার্থী বন্ধু, এই অধিবেশনে উল্লেখ করা হয়নি মৌখিক পরীক্ষার এমন কয়েকটি সুবিধা ও অসুবিধা সনাক্ত করে আপনার বাড়ির খাতায় লিখুন।

| মৌখিক পরীক্ষার সুবিধা | মৌখিক পরীক্ষার অসুবিধা |
|---|---|
| | |
| | |
| | |
| | |

## মূল শিখনীয় বিষয়

মৌখিক পরীক্ষা আনুষ্ঠানিক শিক্ষণ-শিখন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মৌখিক পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের বিষয়বস্তুর জ্ঞান সম্পর্কে ধারণা লাভ করা যায়। মৌখিক পরীক্ষা প্রধানত পাঠ্যসূচি নির্ভর হয়ে থাকে। শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা প্রদান ও গ্রহণ উভয়ক্ষেত্রে দক্ষতা অর্জন করা প্রয়োজন। সাক্ষাৎকারের মাধ্যমে শিক্ষার্থীর বিষয়বস্তুর জ্ঞানের বাইরেও শিক্ষার্থী সম্পর্কে সম্পূর্ণ ধারণা অর্জন সম্ভব হয়। সাক্ষাৎকার মৌখিক পরীক্ষার চেয়ে আলাদা বৈশিষ্ট্যমন্ডিত। সাক্ষাৎকার পাঠ্যসূচি নির্ভর ও পাঠ্যসূচি বহির্ভূত উভয় ধরনের হতে পারে। সাক্ষাৎকারের মাধ্যমে কোন ঘটনা বা বিষয়বস্তু সম্পর্কে ব্যক্তিগত জিজ্ঞাসাবাদের মাধ্যমে তথ্য সংগ্রহ করা সম্ভব হয়।

মৌখিক পরীক্ষা সম্পর্কে শিক্ষার্থীদের দক্ষতা অর্জনের জন্য সতীর্থ বা সহপাঠীদের সাথে দলীয়ভাবে ভূমিকাভিনয় করা প্রয়োজন। মৌখিক পরীক্ষায় দক্ষতা অর্জনের জন্য প্রশ্নোত্তর কৌশল আয়ত্ত করা আবশ্যক। কীভাবে প্রশ্নোত্তর করতে হবে এবং এর দক্ষতাগুলো কী কী তা মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয়ের মাধ্যমে জানা সম্ভব। শ্রেণীকক্ষেই শিক্ষার্থীদের সমন্বয়ে দল গঠন করে মৌখিক পরীক্ষার ভূমিকাভিনয়ের সুযোগ সৃষ্টি করা সম্ভব।

## মূল্যায়ন

১. মৌখিক পরীক্ষা কাকে বলে? মৌখিক পরীক্ষার প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতা উন্নয়নের দিকগুলো সনাক্ত করুন।

২. মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকারের মধ্যে পার্থক্য নিরূপণ করুন।

৩. মৌখিক পরীক্ষা গ্রহণ ও প্রদানের দক্ষতাগুলো বর্ণনা করুন।

৪. মৌখিক পরীক্ষার সুবিধা ও অসুবিধাগুলো ব্যাখ্যা করুন।

৫. ‘‘মৌখিক পরীক্ষা ও সাক্ষাৎকার দুটি আলাদা বৈশিষ্ট্যের অধিকারী’’– উক্তিটি কি সঠিক বলে মনে করেন? আপনার মতের স্বপক্ষে যুক্তি দিন।

# সম্ভাব্য উত্তর

## পর্ব- ক

### কাজ- ১

**প্রশ্নোত্তর কৌশল ও দক্ষতা উন্নয়ন**

- সাক্ষাৎকার অনুশীলনের মাধ্যমে।
- সাক্ষাৎকারের বিষয়বস্তু সম্পর্কে সাক্ষাৎকার গ্রহণকারী ও প্রদানকারী উভয়েরই সচেতন থাকার মাধ্যমে।
- সাক্ষাৎকার গ্রহণকারীকে প্রশ্ন করার কৌশল জানতে হবে। তেমনি সাক্ষাৎকার প্রদানকারীকেও প্রশ্নের প্রাসঙ্গিক ও সুনির্দিষ্ট উত্তর প্রদান করতে হবে। কোনভাবেই কোন অপ্রাসঙ্গিক উক্তি, মন্তব্য বা উত্তর দেওয়া উচিত হবে না যাতে সাক্ষাৎকার প্রদানকারী সম্পর্কে সাক্ষাৎকার গ্রহণকারীর মনে বিরূপ ধারণার সৃষ্টি হয়।

## পর্ব - খ

### কাজ - ১

| মৌখিক পরীক্ষা | সাক্ষাৎকার |
|---|---|
| ১. মৌখিক পরীক্ষার ক্ষেত্র অনেকাংশেই সীমিত। | ১. সাক্ষাৎকারের ক্ষেত্র সাধারণত বিস্তৃত। |
| ২. মৌখিক পরীক্ষা সাধারণত পাঠ্যসূচি ও পাঠ্যবিষয় সম্পর্কিত হয়ে থাকে। | ২. সাক্ষাৎকার পাঠ্যসূচিভিত্তিক ও পাঠ্যসূচি বহির্ভূত উভয় ধরনের হতে পারে। |
| ৩. মৌখিক পরীক্ষার মাধ্যমে কেবল ব্যক্তির বিষয়গত জ্ঞান পরিমাপ করা হয়। | ৩. সাক্ষাৎকারের মাধ্যমে ব্যক্তির বিষয়গত জ্ঞান ছাড়া ও বাহ্যিক অন্যান্য জ্ঞান পরিমাপ করা যায়। |
| ৪. মৌখিক পরীক্ষার মাধ্যমে কোন শিক্ষার্থীর নির্দিষ্ট বিষয়ে দুর্বলতা সনাক্ত করে তা নিরসনের উপায় নির্দেশ করা হয়। | ৪. সাক্ষাৎকারের মাধ্যমে কোন শিক্ষার্থীর দুর্বলতা চিহ্নিত করে তা সমাধানের উপায় বলে দেওয়া হয়। |

### কাজ- ২

নিজে করুন।

## পর্ব- ঘ

### কাজ- ১

নিজে করুন।